ভোরের কাগজ

তারিখ ... 01 AUG 199? ...
পৃষ্ঠা ২ কলাম ৪

৩

# কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬ ছাত্রলীগকর্মীর বিরুদ্ধে শোকজ নোটিশ

কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : ছাত্র শৃঙ্খলাপরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছয় ছাত্রলীগকর্মীর বিরুদ্ধে 'কারণ দর্শাও' নোটিশ জারি করেছেন। বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর স্বাক্ষরিত শোকজ নোটিশে কেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তা আগামী ১০ আগস্ট বিকাল ৪টার মধ্যে জানাতে বলা হয়েছে। কারণ দর্শাও নোটিশ সংশ্লিষ্টদের বর্তমান ও স্থায়ী ঠিকানায় পাঠানো হয়েছে ইতিমধ্যে। শোকজ নোটিশপ্রাপ্ত ছাত্রলীগকর্মীরা হলো এম এ বোতেন (কৃষি অনুষদ), মিজানুর রহমান (কৃষি অনুষদ), আলমগীর মহীউদ্দিন কবীর (কৃষি অনুষদ), ইমরান হোসেন (পশুপালন অনুষদ), জাহিদ হোসেন (কৃষি অনুষদ), সিদ্ধার্থ শংকর (কৃষি অর্থনীতি অনুষদ)।

গত ২৬ জুলাই মধ্যরাতে ঈশা খাঁ হলের ৩০৭ নং কক্ষে ছাত্রলীগকর্মী প্রহারের ঘটনার পরিপ্রেক্ষিতে এ কারণ দর্শাও নোটিশ জারি করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর এম এ আউয়াল জানান। প্রোক্টর আরো জানান, নির্দিষ্ট সময়ের মধ্যে নোটিশের জবাব দেওয়া না হলে কর্তৃপক্ষ একতরফাভাবে ব্যবস্থা গ্রহণ করবে।